

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫১-আইন/২০১৮/১৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও ১৩৭-আইন/২০০৯/২২৪০/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের “পরিশিষ্ট-ঙ” এর পরিবর্তে নিম্নরূপ “পরিশিষ্ট-ঙ” প্রতিস্থাপিত হইবে, যথা :-

“পরিশিষ্ট-ঙ
কমিটির গঠন
[শর্ত (৬) দ্রষ্টব্য]

কমিটির গঠন।- কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

- (ক) আবেদনকারী হাসপাতাল নিয়ন্ত্রনকারী কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার, যিনি উহার আহ্বায়কও হইবেন;
- (খ) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত একজন চিকিৎসক প্রতিনিধি, যিনি উহার সদস্য হইবেন:
তবে শর্ত থাকে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বাহিরে অবস্থিত রেফারেল হাসপাতালসমূহ পরিদর্শনের জন্য

সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কর্তৃক মনোনীত একজন চিকিৎসক
প্রতিনিধি, উহার সদস্য হইবেন; এবং

- (গ) আবেদনকারী হাসপাতাল যেই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের
অধিক্ষেত্রে অবস্থিত সেই বিভাগের বিভাগীয় কর্মকর্তা, যিনি উহার সদস্য
সচিবও হইবেন।”

২। ইহা ৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব